ভোরের কাগজ

তারিখ JUL 22 1999 পৃষ্ঠা ৭ কলাম ৩

## চাকরির আবেদনের ক্ষেত্রে পয়েন্ট পদ্ধতি চালু করা হোক

আমি এসএসসিতে ৮২০ ও এইচএসসিতে ৭২৫ নাম্বার পাই কিন্তু স্নাতক-এ দুর্ভাগ্যজনকভাবে তৃতীয় বিভাগ পেয়েছি যার জন্য আমাকে অনেক মাশুল দিতে হচ্ছে। অনেক বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকে যে স্নাতক পর্যন্ত সকল ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। তাহলে তাদের পয়েন্ট দাঁড়ায়=২+২+২= মোট ৬। আবার যারা দুটি প্রথম ও স্নাতকে তৃতীয় বিভাগ তাদের পয়েন্ট দাঁড়ায়=৩+৩+১= মোট ৭। অর্থাৎ আমাদের মতো অনেক অসহায় ছেলে আছে যাদের একটি পয়েন্ট বেশি থাকা সত্ত্বেও আবেদন করতে পারে না শুধু একটি তৃতীয় বিভাগ থাকার কারণে। পত্রিকার মাধ্যমে আমরা জানতে পারি গ্রামে-গঞ্জে পরীক্ষার হলগুলোতে নকলের বাজার বসে। তাহলে তো তাদেরই বেশি মূল্যায়ন করা উচিত যেহেতু তারা অনায়াসেই দ্বিতীয় বিভাগ পেয়ে যায়। যা হোক, যদি পয়েন্ট পদ্ধতি চালু থাকতো তাহলে অন্ততপক্ষে আমরা আবেদন করতে পারতাম। যেহেতু প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে চাকরিতে নিয়োগ দেওয়া হয় তাহলে একটি তৃতীয় বিভাগ কি কর্তৃপক্ষের জন্য এতোই ক্ষতিকর হয়ে দাঁড়ায়। একটি তৃতীয় বিভাগ আমার জীবন থেকে সবকিছু কেড়ে নিয়ে যাচ্ছে। আমাদের মতো অসহায় ছেলেদের চাকরিই বাঁচার একমাত্র পথ যা বলার অপেক্ষা রাখে না। একটি তৃতীয় বিভাগ পাওয়াতে আমরা কি সমাজ, জাতি ও রাষ্ট্রের জন্য অভিশাপ হয়ে গেলাম।

মাননীয় শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আকুল আবেদন, শিক্ষাজীবনে কোনো ক্ষেত্রেই তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়— এই নীতি বর্জন করে চাকরির নিয়োগ বিজ্ঞপ্তিতে পয়েন্ট পদ্ধতি চালু করে আমাদের মতো অসহায় ছেলেদের সকল ক্ষেত্রে আবেদন করার সুযোগ দিয়ে আমাদের অভিশাপ থেকে মুক্তি দিন।

রিমন
৫৪, ফকিরাপুল
ঢাকা-১০০০।